



খুকি ও কাঠবিড়ালী

কাজী নজরুল ইসলাম

কাঠবিড়ালী, কাঠবিড়ালী

পেয়ারা তুমি খাও?

গুড় মুড়ি খাও?

দুধ ভাত খাও?

বাতাৰি লেবু লাউ?

বিড়াল বাচ্চা, কুকুর ছানা, তাও?

ছোঁচা তুমি!

তোমার সঙ্গে আড়ি আমার যাও।



শব্দার্থ

- ছোঁচা - লোভী
- আড়ি - কথা না বলা
- সঙ্গে - সাথে
- কুকুরছানা - কুকুরের বাচ্চা

প্রশ্নোত্তর বল:

১. কাঠবিড়ালী কী খায়?
২. কার সাথে আড়ি যাও?
৩. কাঠবিড়ালী ছড়ায় কোন কোন খাবারের কথা বলা হয়েছে?
৪. কাঠবিড়ালী ছড়ায় কোন প্রাণীর কথা বলা হয়েছে?

মৌখিক বল:

১. পেয়ারা তুমি _____ ?
২. দুধ _____ খাও ?
৩. বাতাবি লেবু _____ ?
৪. বিড়াল বাচ্চা, _____ তাও ?
৫. তোমার সঙ্গে _____ আমার যাও ?

এসো নিচের ছবিগুলো রং করি :

